গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র পরিদপ্তর
বিটিএমসি ভবন (৬ষ্ঠ তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা।
www.dot.gov.bd

নং-২৪.০২.০০০০.০০৩.১৮.০২৩.১৭-১৩২৬

১৫ জ্যৈষ্ঠ ১৪২৪।
তারিখঃ ------------------
২৯ মে ২০১৭।

২০১৭-১৮ শিক্ষা বর্ষে, প্রথম পর্ব ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এবং ডিপ্লোমা-ইন- জুট টেকনোলজি কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি (সংশোধিত) ।

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র পরিদপ্তর পরিচালিত শহীদ আবদুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, বরিশাল, টেক্সটাইল ইনস্টিটিউট, টাংগাইল, দিনাজপুর, রংপুর, নাটোর ও চট্টগ্রামে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এবং টেক্সটাইল ইনস্টিটিউট, টাংগাইলে ডিপ্লোমা-ইন-জুট টেকনোলজি কোর্সে ১ম পর্বে ছাত্র /ছাত্রী ভর্তির জন্য এসএমএস এ আবেদন আহবান করা যাচ্ছে ।

১. **ভর্তির জন্য প্রতিষ্ঠানের নাম, কোর্সের নাম ও আসন সংখ্যাঃ**

| ক্রঃ নং | কলেজ/ইনস্টিটিউটের নাম ও ঠিকানা | শিফট | শিক্ষা প্রতিষ্ঠানের কোড | কোর্সের নাম | বিষয় কোড | আসন সংখ্যা(ড্রপ আউটসহ) |
|---|---|---|---|---|---|---|
| ১. | টেক্সটাইল ইনস্টিটিউট<br>বাজিতপুর রোড, টাংগাইল। | | T | (ক)ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং | TE | ১২০ টি |
| | | | | (খ) ডিপ্লোমা-ইন-জুট টেকনোলজি | JT | ১২০ টি |
| ২. | টেক্সটাইল ইনস্টিটিউট<br>পুলহাট, দিনাজপুর। | ১ম | D | ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং | TE | ১২০ টি |
| | | ২য় | | | | ১২০ টি |
| ৩. | টেক্সটাইল ইনস্টিটিউট, নাটোর<br>আলী নগর (রামাইগাছি) বড় হরিষপুর বাইপাস রোড, নাটোর | | N | ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং | TE | ১২০ টি |
| ৪. | টেক্সটাইল ইনস্টিটিউট, রংপুর<br>আলম নগর (রেল স্টেশন সংলগ্ন) সদর উপজেলা, রংপুর | | R | ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং | TE | ১২০ টি |
| ৫. | টেক্সটাইল ইনস্টিটিউট, চট্টগ্রাম<br>ষোলশহর, পাঁচশাইল, চট্টগ্রাম | | C | ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং | TE | ১২০ টি |
| ৬. | শহীদ আবদুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ<br>সিএন্ডবি রোড, বরিশাল। | ২য় | B | ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং | TE | ১২০ টি |
| | | | | | সর্বমোট- | ৯৬০ টি |

২. **ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের যোগ্যতাঃ**

(ক) প্রার্থীকে অবশ্যই জন্মগতভাবে বা নাগরিকত্ব গ্রহণে বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে।

(খ) ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালে দেশের সকল শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত এসএসসি/ দাখিল /এসএসসি (ভোকেশনাল)/, এসএসসি (ভোকঃ টেক্সটাইল)/ ও দাখিল (ভোকঃ) /সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ছেলেদের ভর্তির ক্ষেত্রে সাধারণ গণিত বা উচ্চতর গণিতে জিপিএ ৩.০০ সহ কমপক্ষে জিপিএ ৩.৫০ প্রাপ্ত শিক্ষার্থীরা এবং মেয়েদের ভর্তির ক্ষেত্রে সাধারণ গণিত বা উচ্চতর গণিতে জিপিএ ৩.০০ সহ কমপক্ষে জিপিএ ৩.০০ প্রাপ্ত শিক্ষার্থীরা এবং 'ও' লেভেলের যে কোন একটি বিষয়ে 'সি' গ্রেড এবং গণিতসহ অন্য যে কোন দুটি বিষয়ে নূন্যতম 'ডি' গ্রেড পেয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

৩. **মোবাইল ফোনের মাধ্যমে ভর্তির আবেদন প্রক্রিয়াঃ**

(ক) শুধু টেলিটক মোবাইল ফোনের মাধ্যমে আবেদন গ্রহণ করা হবে। ভর্তি বিজ্ঞপ্তি প্রচার, ভর্তি কার্যক্রম, ব্যবস্থাপনা, ফলাফল প্রণয়ন ইত্যাদি ব্যয় বাবদ সর্বমোট আবেদন ফি ৩৩০/- (তিনশত ত্রিশ ) টাকা মাত্র কেটে নেয়ার জন্য সংশ্লিষ্ট মোবাইলে পর্যাপ্ত টাকা থাকতে হবে।

(খ) ভর্তি পরীক্ষায় আবেদনের জন্য একটি টেলিটক প্রিপেইড মোবাইল ফোন থেকে **16222** নম্বরে SMS করতে হবে।

(গ) একটি টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে Message অপশনে গিয়ে DOT লিখে, স্পেস দিয়ে SSC শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর লিখে স্পেস দিয়ে বোর্ড রোল নম্বর লিখে, স্পেস দিয়ে SSC পাসের সাল লিখে, স্পেস দিয়ে যে প্রতিষ্ঠানে ভর্তি হতে ইচ্ছুক সেই শিক্ষা প্রতিষ্ঠানের পছন্দ অনুযায়ী নামের কোড লিখে স্পেস দিয়ে পছন্দের কোর্সের নামের কোড লিখে, স্পেস দিয়ে কোটার শব্দ সংক্ষেপ লিখে **16222** নম্বরে SMS করতে হবে।

**উদাহরণঃ DOT<>DHA<> 123456<>2017<>BDTNRC<>TE<>FF**

উদাহরণটির শব্দ সংক্ষেপগুলো যথাক্রমে বস্ত্র পরিদপ্তর DOT, যে বোর্ড হতে এসএসসি পাশ (ঢাকা বোর্ড) DHA, এসএসসির রোল নম্বর ১২৩৪৫৬, পাশের সন ২০১৭ ভর্তির জন্য ১ম পছন্দ শহীদ আবদুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, বরিশাল ২য় পছন্দ টেক্সটাইল ইনস্টিটিউট, দিনাজপুর ৩য় পছন্দ, টেক্সটাইল ইনস্টিটিউট, টাংগাইল, ৪র্থ পছন্দ টেক্সটাইল ইনস্টিটিউট, নাটোর, ৫ম পছন্দ টেক্সটাইল ইনস্টিটিউট, রংপুর, ৬ষ্ঠ পছন্দ টেক্সটাইল ইনস্টিটিউট, চট্টগ্রাম । যে কোর্সে ভর্তি হতে ইচ্ছুক (ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং) TE, মুক্তিযোদ্ধা কোটার জন্য FF।

**মোবাইল ফোনের Message অপশনে যে সকল শব্দ সংক্ষেপে ব্যবহার করা হবে তা নিম্নরূপঃ**

শিক্ষাবোর্ডঃ ঢাকা DHA, সিলেট SYL, বরিশাল BAR, চট্টগ্রাম CHI, কুমিল্লা COM, দিনাজপুর DIN, যশোর JES, মাদ্রাসা MAD রাজশাহী RAJ, বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড TEC এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় BOU ; ভর্তির জন্য শিক্ষা প্রতিষ্ঠান (টাংগাইল টেক্সটাইল ইনস্টিটিউট T, দিনাজপুর টেক্সটাইল ইনস্টিটিউট D, শহীদ আবদুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, বরিশাল B, টেক্সটাইল ইনস্টিটিউট, নাটোর N, টেক্সটাইল ইনস্টিটিউট, রংপুর R, টেক্সটাইল ইনস্টিটিউট, চট্টগ্রাম C)। পছন্দের কোর্সের নামঃ ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং TE, ডিপ্লোমা ইন জুট টেকনোলজি JT; কোটার জন্যঃ (সাধারণ কোটা GQ, মুক্তিযোদ্ধা সন্তান/সন্তানের সন্তান FF, মহিলা FM, টেক্সটাইল ভোকেশনাল TV, এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী TR লিখতে হবে)।

(ঘ) উপরের SMS টি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি SMS এ আবেদনকারীর নাম, ভর্তির ফি ও একটি PIN জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন 16222 নম্বরে আরেকটি SMS পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য প্রথমে DOT লিখে, স্পেস দিয়ে YES লিখে, স্পেস দিয়ে PIN লিখে, স্পেস দিয়ে আবেদনকারীর যোগাযোগের জন্য নিজের ব্যবহৃত (যে কোন অপারেটর এর) একটি মোবাইল নম্বর লিখে 16222 নম্বরে SMS করতে হবে।

**উদাহরণঃ DOT<>YES<> 654321<>01xxxxxxxxx|**

এখানে **654321** এর জায়গায় আবেদনকারীর নিজ PIN এবং **01xxxxxxxxx** এর জায়গায় নিজের ব্যবহৃত মোবাইল ফোন নম্বর বসাতে হবে। আবেদনকারীর টেলিটক মোবাইলে পর্যাপ্ত পরিমাণ টাকা থাকলে তা থেকে ভর্তি পরীক্ষার ফি ৩৩০/- (তিন শত ত্রিশ ) টাকা কেটে নিয়ে একটি SMS এর মাধ্যমে সাথে সাথেই নিশ্চিত করা হবে এবং একটি রোল নম্বর দেয়া হবে। একবার আবেদন করলে তা প্রত্যাহার করা যাবে না এবং একই কোর্সে অন্য কোন প্রতিষ্ঠানে আবেদন করা যাবে না।

(ঙ) একবার এসএমএস করে ফি জমাদান করলে তা প্রত্যাহার করা যাবে না। রেজিস্ট্রেশন প্রক্রিয়ায় কোনরুপ সমস্যার সম্মুখীন হলে তা নিম্নোক্তভাবে জানা যাবেঃ একটি টেলিটক নম্বর থেকে DOT<space>HELP<space>PIN<space>PIN_No and send to 16222
**উদাহরণঃ** DOT HELP PIN 987654 and send to 16222

**৪. প্রতিটি ফিরতি এসএমএস ভালভাবে পড়তে হবে।**

**৫. সংরক্ষিত কোটায় ছাত্র/ছাত্রী ভর্তি সম্পর্কিতঃ**

প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে প্রতি কোর্সের জন্য মহিলা ১০% আসন, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ২টি আসন, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পূত্র কন্যা ৫% আসন এবং শুধুমাত্র বস্ত্র পরিদপ্তর নিয়ন্ত্রিত টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট হতে এসএসসি (টেক্সটাইল ভোকেশনাল) পাশ-ছাত্র-ছাত্রীদের জন্য ৩০% আসন সংরক্ষিত থাকবে এবং উক্ত আসনে মেধা অনুযায়ী ভর্তি করা হবে।

**৬. গুরুত্বপূর্ণ তথ্যাবলীঃ**

(ক) ভর্তির জন্য যোগ্য প্রার্থীগণকে ভর্তির সময় অবশ্যই এসএসসি পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট/মার্কসিট, সংরক্ষিত আসনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সনদের মুল কপি প্রতিষ্ঠানে জমা দিতে হবে। **অন্যথায় ভর্তির যোগ্যতা বাতিল বলে গণ্য হবে।** মুক্তিযোদ্ধা সন্তান কোটার ক্ষেত্রে কেবলমাত্র মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত মূল সনদ গ্রহণ যোগ্য। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পূত্র কন্যা হলে সে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি করপোরেশনের ওয়ার্ড কাউন্সিল ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের ২টি সত্যায়িত কপি জমা দিতে হবে।এ ক্ষেত্রে ভর্তি কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(খ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের প্রমাণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বা পৌরসভা চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্র জমা দিতে হবে।

(গ) সরকার নির্ধারিত সকল কোটায় প্রচলিত বিধি অনুযায়ী ভর্তির পর কোন আসন শূন্য থাকলে তা সাধারণ মেধা তালিকা হতে পূরণ করা হবে।

(ঘ) ভর্তির সময় সকল প্রার্থীকে তাদের এসএসসি/সমমান পরীক্ষা পাশের প্রমাণ হিসেবে বোর্ড হতে প্রদত্ত মূল নম্বরপত্র/ ট্রান্সক্রিপ্ট সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণের জন্য জমা দিতে হবে। শিক্ষাক্রমের সর্বশেষ পরীক্ষা পর্যন্ত উল্লিখিত মূল নম্বরপত্র/ ট্রান্সক্রিপ্ট সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে জমা থাকবে। এ সময়ের মধ্যে কোন প্রার্থী উক্ত নম্বরপত্র/ ট্রান্সক্রিপ্ট ফেরত চাইলে প্রতিষ্ঠান তার ভর্তি বাতিল করে তা ফেরত দিতে পারবে।

(ঙ) ভর্তিকৃত কোন শিক্ষার্থী ক্লাস শুরুর ৭(সাত) কার্যদিবসের মধ্যে ক্লাসে যোগদান করতে ব্যর্থ হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে। উক্ত শূন্য আসন পরবর্তী ৭(সাত) কার্যদিবসের মধ্যে অপেক্ষামান তালিকা হতে মেধাক্রমানুসারে পূরণের ব্যবস্থা করা যাবে।

(চ) ফলাফল কেন্দ্রীয়ভাবে বস্ত্র পরিদপ্তর হতে প্রকাশ করা হবে যা সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের ওয়েব-সাইট ও নোটিশ বোর্ডেও পাওয়া যাবে। এছাড়া ভর্তির জন্য নির্ধারিত ছাত্রছাত্রীদের SMS-এর মাধ্যমে ফলাফল জানানো হবে।

৭. **ভর্তি সংশ্লিষ্ট তারিখ ও সময়সূচীঃ**

| ভর্তি সংক্রান্ত কার্যক্রম | তারিখ |
|---|---|
| (ক) ভর্তির জন্য আবেদন/এসএমএস এর সময়সূচী | ৩০/০৫/২০১৭ তারিখ দুপুর ১২:০০ টা হতে ১৮/০৬/২০১৭ তারিখ রাত ১২:০০ টা পর্যন্ত। |
| (খ) ভর্তির জন্য নির্ধারিত প্রার্থীদের মেধা এবং অপেক্ষমান তালিকা প্রকাশ | ২০/০৬/২০১৭ তারিখের মধ্যে ফলাফল প্রকাশ।<br>ওয়েব সাইট ও শিক্ষা প্রতিষ্ঠানের নোটিশ বোর্ড। |
| (গ) ক্লাস আরম্ভ | ০১/০৮/২০১৭ তারিখ। |

৮. **প্রার্থী নির্বাচন/মেধা তালিকা প্রণয়নঃ**

**(ক)** ২০১৭ সালে এসএসসি পাশকৃত ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে জিপিএ ৫ প্রাপ্ত সকল বিষয়ের উপর সর্বোচ্চ ৬৮ গ্রেড পয়েন্ট ধরে প্রাপ্ত জিপিএ এর ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করতে হবে (১৪ বিষয়ের প্রতি বিষয়ে গ্রেড পয়েন্ট ৫ হিসেবে ১৪x৫= ৭০ হওয়ার কথা। কিন্তু চতুর্থ বিষয়ে ২ পয়েন্ট বাদ দেয়ার কারণে সর্বোচ্চ পয়েন্ট ৬৮ উল্লেখ করা হয়েছে) ২০১৬ সালে এসএসসি পাশকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে জিপিএ-৫ প্রাপ্ত সকল বিষয়ের উপর সর্বোচ্চ ৫৩ গ্রেড পয়েন্ট ধরে প্রাপ্ত জিপিএ এর ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করা হবে (১১ বিষয়ের প্রতি বিষয়ে গ্রেড পয়েন্ট ৫ হিসাবে ১১x৫=৫৫ হওয়ার কথা। কিন্তু চতুর্থ বিষয়ে ২ পয়েন্ট বাদ দেয়ার কারণে সর্বোচ্চ পয়েন্ট ৫৩ উল্লেখ করা হয়েছে)। ২০১৫ সালে এসএসসি পাশকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে জিপিএ-৫ প্রাপ্ত সকল বিষয়ের উপর সর্বোচ্চ ৪৮ গ্রেড পয়েন্ট ধরে প্রাপ্ত জিপিএ এর ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করতে হবে। (১০ বিষয়ের প্রতি বিষয়ে গ্রেড পয়েন্ট ৫ হিসাবে ১০x৫=৫০ হওয়ার কথা। কিন্তু চতুর্থ বিষয়ে ২ পয়েন্ট বাদ দেয়ার কারণে সর্বোচ্চ পয়েন্ট ৪৮ উল্লেখ করা হয়েছে)। এক্ষেত্রে ৬৮ পয়েন্ট ও ৫৩ পয়েন্ট কে, ৪৮ পয়েন্টের সাথে সমতুল্য করে হিসাব করা হবে। সাধারণ শিক্ষা বোর্ডের পয়েন্ট, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এসএসসির পয়েন্ট, মাদ্রাসা শিক্ষা বোর্ডের পয়েন্ট ও কারিগরি শিক্ষা বোর্ডের পয়েন্ট এবং ও লেভেলের পয়েন্ট সমতুল্য করে মেধাক্রম নির্ধারণ করা হবে।

(খ) ভর্তির ক্ষেত্রে সমান জিপিএ প্রাপ্তদের মেধাক্রম নির্ধারণের ক্ষেত্রে সাধারণ গণিত অথবা উচ্চতর গণিত/ বিজ্ঞানে প্রাপ্ত জিপিএ বিবেচনায় করা হবে।

(গ) নীতিমালার খ অনুচ্ছেদের আলোকে মেধাক্রম নির্ধারণ করা সম্ভব না হলে পর্যায়ক্রমে ইংরেজী, পদার্থ বিজ্ঞান বা রসায়নে অর্জিত গ্রেড পয়েন্ট বিবেচনায় আনতে হবে।

(ঘ) ক,খ,গ অনুচ্ছেদের আলোকে মেধাক্রম নির্ধারণ করা সম্ভব না হলে বর্ণিত একই নিয়মে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বিষয়টি নিস্পত্তি করা হবে।

৯. **লক্ষ্যনীয় বিষয়ঃ**

(ক) একটি টেলিটক মোবাইল ফোনের মাধ্যমে একাধিক আবেদন করা যাবে। তবে আবেদনের ২য় ধাপে সম্মতি জানানোর সময় যোগাযোগের জন্য আবেদনকারীর নিজের (যে কোন অপারেটরের) একটি মোবাইল নম্বর দিতে হবে।

(খ) নির্দিষ্ট তারিখের মধ্যে দিনে বা রাতে যে কোন সময় এমনকি বন্ধের দিনেও আবেদন করা যাবে।

(গ) ভর্তি সংক্রান্ত ব্যাপারে কোন সমস্যা দেখা দিলে বা কোন তথ্য জানতে ০১৯৫৪০৮৩৪৭৯ (বস্ত্র পরিদপ্তর), ০১৫৫২৩৪৫৮১৩ (টাংগাইল), ০১৯৩৯৭৮১০৯১ (বরিশাল), ০১৭১৭৬৭৬৭০৩ (দিনাজপুর), ০১৭১২৫৯২৬৫১ (নাটোর), ০১৭১০৭৮৭৫৮৬ (রংপুর), ০১৭৯৫১৯৭৯৮১ (চট্টগ্রাম) নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

(ঘ) ভর্তি সংক্রান্ত তথ্যাবলী জানার জন্য নিম্নোক্ত ওয়েব সাইট ভিজিট করা যেতে পারে।

www.dot.gov.bd , www.titangail.gov.bd , www.arstecb.com, www.dtec.edu.bd, www.teletalk.com.bd

(ঙ) ভর্তি সংক্রান্ত যে কোন ব্যাপারে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২৮/৫/১৭

(মোহাম্মদ ইসমাইল)
(অতিরিক্ত সচিব)
পরিচালক
বস্ত্র পরিদপ্তর, ঢাকা।
ও
আহবায়ক, কেন্দ্রীয় ভর্তি কমিটি।